ওয়েস্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ওজোপাডিকো)
WEST ZONE POWER DISTRIBUTION COMPANY LIMITED
*(An enterprise of Bangladesh Power Development Board)*
ব্যবস্থাপনা পরিচালক এর দপ্তর, বিদ্যুৎ ভবন, বয়রা মেইন রোড, খুলনা-৯০০০।
www.wzpdcl.org.bd, e-mail: wzpdcl.md@gmail.com

স্মারক নং ২৭.২২.৪৭৮৫.০০২.২৭.১১২.২৩.১৪৮৪

তারিখঃ ০২ আষাঢ় ১৪৩২ বঙ্গাব্দ
১৬ জুন ২০২৫ খ্রিস্টাব্দ

# নিয়োগ বিজ্ঞপ্তি-সুইচ বোর্ড এ্যাটেনডেন্ট (এসবিএ-এ) (শিক্ষানবিস)

ওয়েস্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিঃ (ওজোপাডিকো)-এ কোম্পানির প্রচলিত বেতন স্কেল ও ভাতাদিতে নিম্নে বর্ণিত পদে শিক্ষানবিস হিসেবে কোম্পানি আইন অনুসরণে কাজ করার মানসিকতা সম্পন্ন প্রকৃত বাংলাদেশি পুরুষ নাগরিকদের নিকট হতে ওয়েবসাইটে বর্ণিত নির্ধারিত ফরম-এ দরখাস্ত আহ্বান করা যাচ্ছে-

| ক্রম | পদের নাম ও বেতন স্কেল (ওজোপাডিকো'র বেতন কাঠামো -২০১৬ অনুযায়ী) | পদ সংখ্যা | ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ১। | সুইচ বোর্ড এ্যাটেনডেন্ট (এসবিএ-এ) শিক্ষানবিস<br>বেতন স্কেল-২৩,০০০/- | ৭৫ | ক) এইচএসসি (বিজ্ঞান)/এইচএসসি ভোকেশনাল (ইলেকট্রিক্যাল)।<br>খ) শিক্ষাক্ষেত্রে কোন পর্যায়ে তৃতীয় বিভাগ গ্রহণযোগ্য নয়। গ্রেডিং সিস্টেমে উত্তীর্ণদের ক্ষেত্রে জিপিএ ৫.০ এর স্কেলে ন্যূনতম ২.৫ থাকতে হবে।<br>গ) কম্পিউটার পরিচালনায় দক্ষতা থাকতে হবে। |

শর্তাবলীঃ

১. আগ্রহী প্রার্থীদেরকে আগামী ০৭/০৭/২০২৫ তারিখের মধ্যে শুধুমাত্র ওজোপাডিকো'র ওয়েবসাইট (www.wzpdcl.gov.bd) অথবা https://jobs.wzpdcl.gov.bd:6780 এ Online Application form যথাযথভাবে পূরণের মাধ্যমে দরখাস্ত করতে হবে।Online Application form এ প্রার্থীর শিক্ষাগত যোগ্যতার সনদপত্র, জাতীয় পরিচয় পত্র, প্রার্থীর স্বাক্ষর ও ছবি স্ক্যান করে সংযুক্ত করতে হবে।
২. আবেদনকারীকে পরীক্ষার ফি বাবদ ৫০০/-(পাঁচশত) টাকা (অফেরৎযোগ্য) ওয়েস্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিঃ-এর অনুকূলে ডাচ্ বাংলা ব্যাংক লিঃ-এর Payment Gateway-এর মাধ্যমে পরিশোধ করতে হবে। পরীক্ষার ফি পরিশোধের নিয়মাবলী ওয়েবসাইটে পাওয়া যাবে।
৩. সরকারী, আধা-সরকারী ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকুরীরত প্রার্থীগণকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।
৪. লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদেরকে মৌখিক পরীক্ষার সময় অবশ্যই সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র, অভিজ্ঞতার সনদপত্র, জাতীয় পরিচয় পত্র এবং অনাপত্তি পত্র (প্রযোজ্য ক্ষেত্রে) এর মূল কপি প্রদর্শন করতে হবে।
৫. সুইচ বোর্ড এ্যাটেনডেন্ট (এসবিএ-এ) শিক্ষানবিস হিসেবে এক (১) বছর প্রশিক্ষণ গ্রহণ করতে হবে। প্রশিক্ষণে থাকাকালীন কোম্পানির আওতাধীন যে কোন দপ্তরে সংযুক্ত রেখে বাস্তব প্রশিক্ষণ দেয়া হবে। কেবল প্রশিক্ষণ মূল্যায়ণে উত্তীর্ণ শিক্ষানবিসগণ তাদের সন্তোষজনক পুলিশ প্রতিবেদন পাওয়া সাপেক্ষে পরবর্তীতে প্রবেশনে নিয়োগের জন্য বিবেচিত হবেন।
৬. প্রশিক্ষণ চলাকালীন সময়ে শিক্ষানবিস হিসেবে প্রতি মাসে সর্বসাকুল্যে ২৩০০০/- টাকা প্রশিক্ষণ ভাতা প্রাপ্য হবেন। ছয় (০৬) মাসের প্রশিক্ষণ শেষে প্রাপ্য প্রশিক্ষণ ভাতার অর্ধেক উৎসব বোনাস প্রাপ্য হবেন।
৭. বর্ণিত পদের ক্ষেত্রে বয়স ০৭/০৭/২০২৫ তারিখে ১৮-৩২ বছর।
৮. নিয়োগকৃত কর্মচারীকে ওজোপাডিকো'র আওতাধীন যে কোন দপ্তরে চাকরি করতে বাধ্য থাকতে হবে।
৯. নিয়োগের ক্ষেত্রে কোটা সংক্রান্ত সরকারি সর্বশেষ নির্দেশনা অনুসরণ করা হবে।
১০. নিয়োগ প্রক্রিয়া চলাকালে ওজোপাডিকো কর্তৃপক্ষ পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি করতে পারবে। কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন আবেদন/সকল আবেদন অথবা এ নিয়োগ প্রক্রিয়া বাতিল করার ক্ষমতা ওজোপাডিকো'র কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।
১১. শুধুমাত্র বাছাইকৃত প্রার্থীদের লিখিত পরীক্ষায় অংশগ্রহণের জন্য আহ্বান জানানো হবে। পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
১২. অসম্পূর্ণ আবেদনপত্র বা শর্তাবলী অপূর্ণ থাকলে আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।
১৩. নিয়োগের বিষয়ে যে কোন ধরনের তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে গণ্য করা হবে।
১৪. শিক্ষানবিস হিসেবে নিয়োগপ্রাপ্তদের ন্যূনতম ০৩ (তিন) বছর চাকরি করতে হবে মর্মে Bond দিতে হবে এবং চাকরিতে যোগদান পত্রের সাথে শিক্ষাগত যোগ্যতার মূল সনদপত্র দাখিল করতে হবে যা ওজোপাডিকো'র দপ্তরে সংরক্ষিত থাকবে।
১৫. আবেদনের শেষ তারিখ: ০৭/০৭/২০২৫।
১৬. এই বিজ্ঞপ্তিটি www.wzpdcl.gov.bd ওয়েবসাইট-এ পাওয়া যাবে।

নির্দেশক্রমে

১৬/০৬/২৫

উপ-মহাব্যবস্থাপক (প্রশাসন)
ওজোপাডিকো, খুলনা।

C \Users\aoioy\Downloads\Office order doc(M)

CamScanner